

শ্রী মন্ত্রিসভা

Phone –(202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail : bdootwash@bdembassyusa.org

Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

5 May 2011

Duty free access for Bangladeshi products in US market sought

Bangladesh needs duty free access to the US market and the US Congress has an important role to play in this regard. Congress should also renew the US GSP facilities in its present form. This was said by Bangladesh Ambassador to USA and State Minister Mr. Akramul Qader today at the Capitol Hill in Washington, DC during a meeting with Congressman Dave Camp (R-MI) who is also the Chairman of the powerful Ways and Means Committee in the House of Representatives. Ambassador Qader informed that GSP expired in December 2010 and requested Congressman Camp for its renewal by the US Congress without any amendment in order for Bangladesh to get full benefits in exporting all items covered by the facilities under GSP. Pointing out the importance of duty-free market access in USA for readymade garments in order to alleviate poverty, and empowering women and citing the fact of expiry of the market access bill named 'New Partnership for Trade Development (NPTDA) Act 2009', he also requested the congressman to consider reintroduction of a similar bill in the new congress. In response, the Congressman Camp assured to work on the issues, especially on GSP renewal, in consideration of protecting Bangladesh interest. He, however, requested Bangladesh to extend support in successful completion of ongoing Doha round talks.

Counselor (Commerce) of Bangladesh Embassy Mr. Md Shafiqul Islam and officials of Ways and Means Committee were present at the meeting.

Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail: pressministerwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail : bdootwash@bdembassyusa.org

Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

মে ০৫, ২০১১

মার্কিন বাজারে বাংলাদেশী পণ্যের শুল্কমুক্ত প্রবেশের অনুরোধ

মার্কিন বাজারে বাংলাদেশী পণ্যের প্রবেশের প্রয়োজনীয়তা রয়েছে এবং এক্ষেত্রে যুক্তরাষ্ট্র কংগ্রেস গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। জিএসপি সুবিধার বর্তমান কাঠামো অব্যাহত রাখার ক্ষেত্রেও কংগ্রেস সক্রিয় ভূমিকা পালন করতে পারে। আজ ওয়াশিংটনে ক্যাপিটাল হিলে কংগ্রেসম্যান এবং হাউজ অব রিপ্রেজেন্টেটিভ এর শক্তিশালী কমিটি 'ওয়েজ এ্যাণ্ড মিনজ' এর চেয়ারম্যান ডেভ ক্যাম্প (রিপাবলিকান-মিশিগান) এর সাথে এক বৈঠকে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের একথা বলেন। রাষ্ট্রদূত কাদের জানান যে ডিসেম্বর ২০১০ সালে জিএসপি সুবিধার মেয়াদ উত্তীর্ণ হয়। তিনি কংগ্রেসম্যান ক্যাম্পকে কোন রকম সংশোধনী ছাড়াই জিএসপির বিদ্যমান কাঠামো বজায় রেখে জিএসপি পুনঃনবায়নের উদ্যোগ নেয়ার জন্য অনুরোধ জানান, যাতে করে বাংলাদেশ এর আওতায় রপ্তানীযোগ্য সব পণ্যের ক্ষেত্রে পূর্ণাঙ্গ সুবিধা পেতে পারে।

নারীর ক্ষমতায়ন ও দারিদ্র দূরীকরণে তৈরী পোষাকে যুক্তরাষ্ট্রে শুল্কমুক্ত বাজার সুবিধার গুরুত্ব তুলে ধরে এবং বিগত কংগ্রেসে উত্থাপিত 'নিউ পার্টনারশীপ ফর ট্রেড ডেভেলপমেন্ট এ্যাক্ট (NPTDA) ২০০৯' নামক মার্কেট এ্যাকসেস বিলটি উত্তীর্ণ হয়ে যাওয়ার বাস্তবতা উল্লেখ্য করে নতুন কংগ্রেসে অনুরূপ একটি বিল পুনঃউপস্থাপনের জন্য তিনি কংগ্রেসম্যানকে অনুরোধ করেন। প্রত্যুত্তরে কংগ্রেসম্যান ক্যাম্প বাংলাদেশের স্বার্থ বিবেচনায় রেখে উল্লেখিত বিষয়ে এবং বিশেষতঃ জিএসপি নবায়ন ইস্যুতে কাজ করার আশ্বাস প্রদান করেন। তিনি অবশ্য চলমান দোহা রাউণ্ড আলোচনার সার্থক সমাপ্তির লক্ষ্যে বাংলাদেশের সমর্থন প্রত্যাশা করেন।

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসের কাউন্সেলর (কমার্স) জনাব মোঃ শফিকুল ইসলাম এবং ওয়েজ এণ্ড মিনজ কমিটির কর্মকর্তাবৃন্দ এই বৈঠকে উপস্থিত ছিলেন।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স: ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল: pressministerwash@yahoo.com